
যায়যায়দিন
0 1 [illegible] 2007




## তৃতীয় জাতীয় বিতর্ক উৎসব

# স্বপ্ন গাথার বেলা

আজন্ম প্রান্ত ছোয়ার প্রত্যয় নিয়ে জন্ম নিয়েছিল বাংলাদেশের তার্কিকদের প্রাণের সংগঠন ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ (এনডিএফবিডি)। অত্যন্ত স্বল্প সময়ে এনডিএফবিডি ছুটে গিয়েছে বাংলাদেশের প্রায় প্রতিটি প্রান্তিক জনপদে, যুক্তির পদচিহ্ন একে দিয়েছে আদিবাসীসহ সব শ্রেণীর মানুষের মাঝে। কর্মস্পৃহায় দৃঢ়প্রতিজ্ঞ এনডিএফবিডির প্রতিটি সদস্য নতুন উদ্দীপনায় জাগে, যখনই আয়োজিত হয় বিতর্ক সংক্রান্ত যে কোনো কর্মশালা, সেমিনার অথবা উৎসব। প্রতিটি আয়োজনের পেছনেই থাকে নিবেদিতপ্রাণ বিতর্ক সংগঠকদের নিরলস শ্রম, দায়বদ্ধতা, নিষ্ঠা আর ভালোবাসার সংমিশ্রণ। সম্প্রতি এনডিএফবিডি অত্যন্ত সফলতার সঙ্গে আয়োজন সম্পন্ন করলো বাংলাদেশের ইতিহাসে এ যাবৎ কালের তার্কিকদের সর্ববৃহৎ মিলনমেলা 'এনডিএফবিডি ৩য় জাতীয় বিতর্ক উৎসব ০৭'। গত ১৬ ফেব্রুয়ারি ২০০৭ এনডিএফবিডির এক প্রতিনিধি সম্মেলনের মাধ্যমে শুরু হয় উৎসবের আনুষ্ঠানিক প্রস্তুতি। এনডিএফবিডি'র চেয়ারম্যান একেএম শোয়েবের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় মহাসচিব শাফায়েত হোসেনকে আহ্বায়ক করে গঠিত হয় ১৪টি উপ-কমিটি। দায়িত্ব বণ্টনের পরই শুরু হয় প্রতিটি কমিটির সদস্যদের দিন-রাত পরিশ্রম। সারা দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পৌছানো হয় আমন্ত্রণপত্র। ইতিমধ্যে পুরো দেশ থেকে পাওয়া যায় বিপুল সাড়া, নির্ধারিত তারিখের কিছুদিন আগেই বন্ধ করতে হয় নিবন্ধন প্রক্রিয়া। একই সঙ্গে ছিল পৃষ্ঠপোষক খোজার কাজ। মহৎ এ আয়োজনে শুরুতেই পৃষ্ঠপোষকতার হাত বাড়িয়ে দেয় বিআরবি কেবলস। বিআরবি কেবলস টাইটেল স্পন্সর হওয়ার জন্য আগ্রহ প্রকাশ করে। উৎসবের নামকরণ হয় 'বিআরবি কেবলস এনডিএফবিডি ৩য় জাতীয় বিতর্ক উৎসব ০৭'। প্রতি সপ্তাহে চলতে থাকে ঢাকার বিভিন্ন সহযোগী সংগঠনে প্রস্তুতি সভা। সুভেনিরের জন্য লেখা সংগ্রহ এবং সম্পাদনার কাজে নিয়োজিত ছিল তৃষা, জামান, জহিরসহ অন্য বন্ধুরা। এদের দীর্ঘ পরিশ্রমের ফল এনডিএফবিডির একটি চমৎকার তথ্যবহুল সুভেনির প্রকাশ। কখনো আজিজ সুপার মার্কেট, কখনো নীলক্ষেত, কাটাবন সর্বত্র সারা দিন ছুটে চলছে কিছু প্রিয় মুখ। সবারই চোখে-মুখে ক্লান্তি কিন্তু মনের অদম্য স্পৃহার কাছে সবকিছুই যেন হার মানে। বাপ্পা, দীপ, বাবর ফুয়াদ, নিশাত এমনি কিছু প্রিয় মুখ।



এনডিএফবিডির চেয়ারম্যান এ কে এম শোয়েবের সহধর্মিণীর কাছে কৃতজ্ঞ প্রতিটি সদস্য, কেন না সারা দিনের কাজের মূল্যায়ন সভা যে হতো তারই বাসায়। সবার অসম্ভব যন্ত্রণাগুলোকে তিনি হাসিমুখে বরণ করে নিতেন। অন্যদিকে উৎসবের মূল ভেন্যু কুষ্টিয়াতেও বিপুল উৎসাহ আর উদ্দীপনার মধ্য দিয়ে চলছিল প্রস্তুতি। কুষ্টিয়া জিলা স্কুলের প্রধান শিক্ষক নিভা রানী পাঠককে প্রধান সমন্বয়কারী করে ছাত্র-শিক্ষকদের সমন্বয়ে চলতে থাকে অবিরাম প্রস্তুতি। জিলা স্কুলের শিক্ষক রেজাউল করিম, আবদুল জলিল, আনিসুর রহমান সেই সঙ্গে প্রাক্তন ছাত্র ইশতিয়াক, নাফিস, চমক প্রত্যেকেই পরিশ্রম করেছে অসম্ভব রকমের। কেন্দ্রীয় কমিটির প্রতিনিধিরাও বারবার যাতায়াত করেছে কুষ্টিয়ায়। সুমন, রাজেশ, ইরতেজা এ ক্ষেত্রে মূল ভূমিকা পালন করছিল। জেলা প্রশাসন, পৌরসভা, পুলিশ প্রশাসন প্রত্যেকেই সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে যার যার অবস্থান থেকে। উৎসব উপলক্ষে পুরো কুষ্টিয়া শহরে উৎসব শুরুর কয়েকদিন আগে থেকেই নেয়া হয়েছিল বিশেষ নিরাপত্তা ব্যবস্থা। অবশেষে এলো সেই মাহেন্দ্রক্ষণ, ১৭ই মে ২০০৭ সারা দেশ থেকে ২০০০ তার্কিক বন্ধু পা রেখেছে সংস্কৃতির লালনভূমি কুষ্টিয়াতে। বেড়ে গেল সংগঠকদের তৎপরতা। ১৮ ও ১৯ মে দুটি দিন সবার কাছে স্বপ্নের মতো, দম ফেলানোর সময় ছিল না কারোরই। মামুন, মোসাদ্দেক, রাকিব'দের কাছে এ দিনগুলো ছিল শুধুই ভালো লাগার, যেমন ছিল সুদূর রাঙামাটি থেকে আগত স্কুল পড়ুয়া ছোট্ট মেয়ে কুহেলিকা চাকমার কাছে। শেষ হলো উৎসব, শুরু হলো নতুন পথচলা। সঙ্গী সারা দেশের অসংখ্য তার্কিক বন্ধু।

মো. জিয়াউল হক সুমন
*যুগ্ম মহাসচিব*
*ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ*

# অংশগ্রহণকারী প্রতিষ্ঠান

### স্কুল
কুষ্টিয়া জিলা স্কুল
চাদ সুলতানা মাধ্যমিক বিদ্যালয়
কুষ্টিয়া সরকারি বালিকা বিদ্যালয়
কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়
কুষ্টিয়া মাধ্যমিক বিদ্যালয়
ফজলুল হক গার্লস স্কুল
ফরিদপুর জিলা স্কুল
ময়মনসিংহ জিলা স্কুল
পাবনা জিলা স্কুল
যশোর মাধ্যমিক বিদ্যালয়
ভিকারুননিসা নূন স্কুল
ভেড়ামারা পাইলট মাধ্যমিক বিদ্যালয়
মিরপুর সরকারি বালিকা বিদ্যালয়
পুলিশ লাইন স্কুল, কুষ্টিয়া
খোকশা বালিকা বিদ্যালয়
যশোর মাধ্যমিক বালিকা বিদ্যালয়

### কলেজ
কুষ্টিয়া সরকারি কলেজ
খোকশা ডিগ্রি কলেজ
বরিশাল ক্যাডেট কলেজ
কুমিল্লা ক্যাডেট কলেজ
কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ
কেসি কলেজ, ঝিনাইদহ
কুমিল্লা ক্যাডেট কলেজ
যশোর ক্যান্টনমেন্ট কলেজ
বাশগ্রাম ডিগ্রি কলেজ, কুমারখালী
খোকশা জানোপুর ডিগ্রি কলেজ
দৌলতপুর ডিগ্রি কলেজ
নূরুজ্জামান বিশ্বাস ডিগ্রি কলেজ
লক্ষ্মীপুর সরকারি কলেজ
নারায়ণগঞ্জ কলেজ
আইডিয়াল কমার্স কলেজ
ভিকারুননিসা নূন কলেজ
সরকারি কে এম এইচ কলেজ
গার্হস্থ্য অর্থনীতি কলেজ
ইডেন মহিলা কলেজ
ইম্পেরিয়াল কলেজ
ঢাকা কমার্স কলেজ
ঢাকা সিটি কলেজ
শহীদ তিতুমীর কলেজ
হাবিবুল্লাহ বাহার কলেজ
রাজেন্দ্র ইউনিভার্সিটি কলেজ, ফরিদপুর

### ইউনিভার্সিটি
ঢাকা ইউনিভার্সিটি
জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি
বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি
রাজশাহী ইউনিভার্সিটি
চট্টগ্রাম ইউনিভার্সিটি
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি ইউনিভার্সিটি, সিলেট
খুলনা ইউনিভার্সিটি
বাংলাদেশ কৃষি ইউনিভার্সিটি
খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি ইউনিভার্সিটি
জগন্নাথ ইউনিভার্সিটি
হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি ইউনিভার্সিটি, দিনাজপুর
আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বাংলাদেশ
এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশ
ব্র্যাক ইউনিভার্সিটি
ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটি
ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
স্টামফোর্ড ইউনিভার্সিটি
ইউনিভার্সিটি অফ লিবারাল আর্টস
পিপলস ইউনিভার্সিটি অফ বাংলাদেশ
মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
অতীশ দীপংকর ইউনিভার্সিটি
নর্দার্ন ইউনিভার্সিটি

### মেডিকাল কলেজ
স্যার সলিমুল্লাহ মেডিকাল কলেজ
রাজশাহী মেডিকাল কলেজ
সিলেট মেডিকাল কলেজ
দিনাজপুর মেডিকাল কলেজ
হলি ফ্যামিলি মেডিকাল কলেজ
খালেদা জিয়া মেডিকাল কলেজ
বগুড়া মেডিকাল কলেজ

### সংগঠন
পাবনা ডিবেটিং সোসাইটি
গ্লোবাল ভিলেজ রাঙামাটি
স্পন্দন ওয়েলফেয়ার সোসাইটি
ময়মনসিংহ ডিবেট ফেডারেশন
গ্রুপ অফ লিবারাল ডিবেটস
লক্ষ্মীপুর ডিবেট ফেডারেশন
চাদপুর ডিবেট ফেডারেশন
পাংশা ডিবেট ফেডারেশন